গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারকনং- ৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.২০১৫/ ১৬৭১ তারিখঃ ০৮/০৮/২০২৩ খ্রি.

## বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি 'সাধারণ' পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি : অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
সভাপতি, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।

সভার তারিখ : ৩০ জুলাই ২০২৩ খ্রি.

সময় : দুপুর ২:০০ মিনিট

স্থান : সভাকক্ষ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

সভার উপস্থিতি : সংযুক্ত পরিশিষ্ট-'ক'।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করার জন্য সমিতির সম্পাদক-কে অনুমতি প্রদান করেন। সভার কার্যপত্র মোতাবেক সম্পাদক বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | পূর্বের সাধারণ পরিষদের সভার (২৫-০৮-২০২২ খ্রি.) সিদ্ধান্তসমূহ পাঠ ও নিশ্চিতকরণ<br><br>আলোচনায় অংশগ্রহণ করে পরিচালক (কঃ ও প্রঃ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে মতামত প্রদান করেন এবং আলোচনায় অংশগ্রহণ করে উপস্থিত সদস্যবৃন্দকে বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করার অনুরোধ জানান। অন্যান্য সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং আর্চারি, তায়কোয়ান্দ ও রাগবি খেলার বর্তমান অবস্থা সম্পর্কে অধিকতর খোঁজ-খবর নেওয়া এবং উপজেলা ও জেলা পর্যায়ে বিস্তৃত করার সুপারিশ করেন। | * আর্চারি, তায়কোয়ান্দ, রাগবি এই ৩টি খেলা মাঠ পর্যায়ে ব্যাপকভাবে প্রসারিত না হওয়া পর্যন্ত জাতীয় পর্যায়ে অর্ন্তভুক্ত না করার সিদ্ধান্ত গৃহীত হয়। মাঠ পর্যায়ে এ খেলাগুলো সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে উৎসাহিত করা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা ও সংশ্লিষ্টজন থেকে এ খেলাগুলো সম্পর্কে তথ্য-প্রতিবেদন নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* উপজেলা থেকে জাতীয় পর্যায় পর্যন্ত অনুষ্ঠিত খেলাগুলো থেকে মেধাবী খেলোয়াড় বাছাই করার জন্য উক্ত খেলাগুলোর সাথে সংশ্লিষ্ট জাতীয় সংগঠনগুলোকে সম্পৃক্ত করার উদ্যোগ নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* ২৫-০৮-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ ও নিশ্চিতকরণ করা হয়। | উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ। |
| ০২ | ২০২২-২০২৩ অর্থ বৎসরের প্রতিবেদন<br>সমিতির সম্পাদক ২০২২-২০২৩ অর্থ বৎসরের কার্যাবলির সংক্ষিপ্ত প্রতিবেদন উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ তাতে সন্তোষ প্রকাশ করেন। | ২০২২-২০২৩ অর্থ বৎসরের কার্যাবলির অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | ২০২২-২০২৩ অর্থ বৎসরের আয়-ব্যয়ের অডিট রিপোর্ট পর্যালোচনা ও অনুমোদন।<br>সমিতির ২০২২-২০২৩ অর্থ বৎসরের আয়-ব্যয়ের হিসাব সমিতির সাধারণ পরিষদ কর্তৃক মনোনীত বখতিয়ার হুমায়ুন এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম কর্তৃক নিরীক্ষা করা হয়েছে। অডিট ফার্ম কর্তৃক | ২০২২-২০২৩ অর্থ বৎসরের অডিট রিপোর্ট অনুমোদন করা হয়। | উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ। |

পাঃ পৃঃ দ্রঃ

| | | | |
|---|---|---|---|
| | নিরীক্ষিত আয়-ব্যয়ের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ নিরীক্ষিত আয়-ব্যয়ের উপর পর্যালোচনামূলক মতামত প্রদান করেন। | | |
| ০৪ | **<u>৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর সময়সূচি আলোচনা (প্রতিষ্ঠান হতে জাতীয় পর্যায় পর্যন্ত)।</u>**<br><br>৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর সময়সূচি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত মাঠ পর্যায়ের কর্মকর্তারাও উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন এবং প্রস্তাবিত সময়সূচি (নিম্নেবর্ণিত) পর্যালোচনা করে মতামত প্রদান করেন। | ৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর প্রস্তাবিত নিম্নবর্ণিত সময়সূচি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ। |

**<u>৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর সময়সূচি</u>**

| | | | | |
|---|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল, মাদ্রাসা ও কারিগরি) | ০২-০৯-২০২৩ খ্রি. | হতে | ০৫-০৯-২০২৩ খ্রি. | ০৪ দিন |
| উপজেলা/থানা পর্যায়ে | ০৮-০৯-২০২৩ খ্রি. | হতে | ১২-০৯-২০২৩ খ্রি. | ০৫দিন |
| জেলা পর্যায়ে | ১৪-০৯-২০২৩ খ্রি. | হতে | ১৬-০৯-২০২৩ খ্রি. | ০৩ দিন |
| উপ-অঞ্চল পর্যায়ে | ১৮-০৯-২০২৩ খ্রি. | হতে | ২০-০৯-২০২৩ খ্রি. | ০৩ দিন |
| অঞ্চল পর্যায়ে | ২২-০৯-২০২৩ খ্রি. | হতে | ২৪-০৯-২০২৩ খ্রি. | ০৩দিন |
| জাতীয় পর্যায়ে<br>**(মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে)** | ২৬-০৯-২০২৩ খ্রি. | হতে | ৩০-০৯-২০২৩ খ্রি. | ০৫ দিন |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | <u>৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ এর জাতীয় পর্যায়ের খেলার ভেন্যু নির্ধারণ।</u><br><br>সভায় ভেন্যু নির্ধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়গণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং ভেন্যু সম্পর্কে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। | ৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ বকুল অঞ্চলের (সিলেট, চট্টগ্রাম ও কুমিল্লা) আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে। | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এবং উপপরিচালক, শারীরিক শিক্ষা। |
| ০৬ | **<u>৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ এর উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি সম্পর্কে আলোচনা।</u>**<br><br>৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি সম্পর্কে সভায় আলোচনা হয়। বিগত বছরগুলোর মত অতিথিবৃন্দ নির্ধারণ করার জন্য সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। | মাননীয় মহাপরিচালক মহোদয়, সংশ্লিষ্ট বোর্ডের চেয়ারম্যান মহোদয় এবং উপপরিচালক, শারীরিক শিক্ষা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এবং উপপরিচালক শারীরিক শিক্ষা |
| ০৭ | **<u>বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ২০২৩-২০২৪ অর্থ বছরের খাতওয়ারী বাজেট পেশ ও অনুমোদন।</u>**<br><br>সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সম্পাদক সভায় বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ২০২৩-২০২৪ অর্থ বছরের খাতওয়ারী বাজেট পাঠ করেন। সভায় উপস্থিত শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়গণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক মহোদয়গণ এবং আঞ্চলিক পরিচালক, উপরিচালক ও জেলা শিক্ষা কর্মকর্তাসহ উপস্থিত সদস্যবৃন্দ পেশকৃত বাজেটের উপর আলোচনা-পর্যালোচনা করেন এবং বাজেট অনুমোদনের জন্য মতামত দেন। | বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ২০২৩-২০২৪ (০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত) অর্থ বছরে মোট ৩,৭৮,২১,৩৮০/- (তিন কোটি আটাত্তর লক্ষ একুশ হাজার তিনশত আশি) টাকার বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত বাজেটের খাতওয়ারি বিবরণ নিম্নে | উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ। |

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি
২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট

| ক্র.নং | বিষয় | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১. | ৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ | ৭৩,২২,২৮০/- |
| ০২. | ৫২তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ | ৯৭,৬৯,১০০/- |
| ০৩. | জাতীয় পর্যায়ে ৪৯তম গ্রীষ্মকালীন ও ৫১তম শীতকালীন (চ্যাম্পিয়ন ও রানার আপ) শিক্ষা প্রতিষ্ঠানকে ক্রীড়া সরঞ্জাম প্রদান- | ১১,৮৮,০০০/- |
| ০৪. | জাতীয় পর্যায়ে ৫০তম গ্রীষ্মকালীন ও ৫২তম শীতকালীন (চ্যাম্পিয়ন ও রানার আপ) শিক্ষা প্রতিষ্ঠানকে ক্রীড়া সরঞ্জাম প্রদান- | ১১,৮৮,০০০/- |
| ০৫. | জাতীয় পর্যায়ে ৫০তম গ্রীষ্মকালীন ও ৫২তম শীতকালীন (চ্যাম্পিয়ন ও রানার আপ) খেলোয়াড়দের টোকেন মানি (প্রাইজবণ্ড) প্রদান- | ৬,০৩,৪০০/- |
| ০৬. | শারীরিক শিক্ষা শিক্ষকদের ৩৩তম এবং ৩৪তম রিফ্রেসার কোর্সের ব্যয়- (দুইটি কোর্স) | ৩৮,৭৮,৪০০/- |
| ০৭. | সমিতির সংস্থাপন ও প্রশাসনিক ব্যয়- | ৩১,৯৫,০০০/- |
| ০৮. | সমিতির গাড়ির তেল, গ্যাস, খুচরা যন্ত্রাংশ ক্রয়, গাড়ীচালকের ওভার টাইম ও রক্ষণাবেক্ষণ- | ৭,৫০,০০০/- |
| ০৯. | জাতীয় পর্যায়ে ৪৯তম গ্রীষ্মকালীন ও ৫১তম শীতকালীন ক্রীড়ায় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান-কে অনুদান - | ২,৪০,০০০/- |
| ১০ | জাতীয় পর্যায়ে ৫০তম গ্রীষ্মকালীন ও ৫২তম শীতকালীন ক্রীড়ায় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান-কে অনুদান - | ২,৪০,০০০/- |
| ১১. | চ্যাম্পিয়ন ও রানারআপ শিক্ষা প্রতিষ্ঠানকে ক্রীড়া সামগ্রী প্রদান অনুষ্ঠানের ব্যয়- | ৬,০০,০০০/- |
| ১২. | প্রান্তিক পর্যায়ে ২০০টি শিক্ষা প্রতিষ্ঠানকে ক্রীড়া সামগ্রী প্রদান- | ১০,০০,০০০/- |
| ১৩. | বঙ্গবন্ধু ক্রীড়াবৃত্তি প্রদান (৬৪ জেলা + ঢাকা মহানগর = ৬৫জন) | ৭,০০,০০০/- |
| ১৪. | শারীরিক শিক্ষা শিক্ষকদের মাস্টার ট্রেইনার কোর্স এর ব্যয়- (২য় ও ৩য়) (বছরে ০২টি)- (৬৫+৬৫) = ১৩০ জন | ৩৬,৪৭,২০০/- |
| ১৫. | সেমিনার, ওয়ার্কশপ ও মতবিনিময় সভার জন্য ব্যয়- | ২৫,০০,০০০/- |
| ১৬. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে মিনি জিমনেসিয়াম স্থাপন ব্যয়- | ১০,০০,০০০/- |
| | সর্বমোট টাকা = | ৩,৭৮,২১,৩৮০/- |

কথায়: তিন কোটি আটাত্তর লক্ষ একুশ হাজার তিনশত আশি টাকা মাত্র।
উল্লিখিত ব্যয় সমূহ আন্তঃখাত সমন্বয়যোগ্য।

| | | | |
|---|---|---|---|
| ০৮ | **গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৩ অনুযায়ী সকল শিক্ষা বোর্ড কর্তৃক আদায়কৃত (২০২৩-২০২৪) আর্থিক সালের ক্রীড়া ও অ্যাফিলিয়েশন ফি এর হিস্যা সম্পর্কে আলোচনা।**<br>গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৩ অনুযায়ী সকল শিক্ষা বোর্ড কর্তৃক আদায়কৃত (২০২৩-২০২৪) আর্থিক সালের ক্রীড়া ও অ্যাফিলিয়েশন ফি এর হিস্যা ৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ শুরু হওয়ার পূর্বে সকল স্তরে প্রেরণ করার জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়গণকে সমিতির সম্পাদক অনুরোধ করেন।<br>সভায় সকল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়গণ একমত পোষণ করেন এবং ৫০তম গ্রীষ্মকালীন ক্রীড়া শুরুর পূর্বেই গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৩ অনুযায়ী সকল স্তরে ক্রীড়া ফি পরিশোধ করার পক্ষে মতামত দেন। | সকল শিক্ষা বোর্ড কর্তৃক আদায়কৃত অ্যাফিলিয়েশন ফি ও ক্রীড়া ফি ৫০তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার পূর্বে বিভিন্ন স্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল শিক্ষা বোর্ড) এবং উপপরিচালক শারীরিক শিক্ষা |
| ৯ | ব্যায়ামাগার/জিমনেসিয়াম<br>বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির সভাপতি ও সম্পাদকের কার্যালয়ে একটি ব্যায়ামাগার/জিমনেসিয়াম স্থাপন করার বিষয়ে সমিতির সম্পাদক সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত প্রস্তাবনায় আলোচকবৃন্দ সম্পাদককে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ব্যায়ামাগার/ জিমনেসিয়াম স্থাপনের বিষয়ে একমত পোষণ করেন। পর্যায়ক্রমে সকল বোর্ডে ব্যায়ামাগার/জিমনেসিয়াম স্থাপনের বিষয়ে মতামত দেন। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ভিতরে একটি ব্যায়ামাগার/জিমনেসিয়াম স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ। |
| ১০ | আর্থিক অনুদান<br>সড়ক দুর্ঘটনায় গুরুত্বর আহত ক্রীড়া সমিতিতে কর্মরত অফিস সহায়ক মোঃ রফিকুল ইসলাম (রাজু) এর চিকিৎসার জন্য আর্থিক সহায়তা বিষয়ে সম্পাদক সভাপতিকে অবহিত করেন। সভায় সদস্যবৃন্দ আর্থিক সাহায্যে প্রদানের বিষয়ে একমত পোষণ করেন এবং সমিতির সভাপতি মহোদয় ও সম্পাদককে আর্থিক সাহায্যের টাকার পরিমাণ নির্ধারণ করে দেওয়ার অনুরোধ জানান। | সমিতির সভাপতি মহোদয় এবং সম্পাদক আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত নিবেন। | উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | <u>কর্মশালা, সেমিনার ও মতবিনিময় সভা</u><br>ক্রীড়া উন্নয়ন সম্পর্কে গবেষণা, বিভিন্ন খেলাধুলার কন্টেন্ট, নিয়মকানুন ও সুবিধা সম্পর্কিত আলোচনা, শারীরিক শিক্ষার উন্নয়নে ক্রীড়া শিক্ষকের ভূমিকা, নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন বিষয়ক কর্মশালা প্রভৃতি বিষয়ে শারীরিক শিক্ষা বিভাগের ভূমিকা রাখার ক্ষেত্রে সম্পাদক সকলের দৃষ্টি আকর্ষণ করেন। উপস্থিত সদস্যবৃন্দ সম্পাদকের প্রস্তাবনাকে সময়োপযোগী ও সৃজনশীল হিসেবে আখ্যায়িত করে এ বিষয়ে আরও বেশি বরাদ্দ রাখার জন্য মতামত দেন। | ক্রীড়া উন্নয়ন সম্পর্কে গবেষণা, বিভিন্ন খেলাধুলার কন্টেন্ট, নিয়মকানুন ও সুবিধা সম্পর্কিত আলোচনা, শারীরিক শিক্ষার উন্নয়নে ক্রীড়া শিক্ষকের ভূমিকা, নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন বিষয়ক কর্মশালা প্রভৃতি আয়োজনে পর্যাপ্ত বাজেট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ। |

পরিশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৮/২৩

(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ও
সভাপতি, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬৬৭৯(১২৫)

তারিখ: ০৮/০৮/২০২৩ খ্রি.

<u>বিতরণ</u>: সাধারণ পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর /মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বিকেএসপি, ঢাকা।
০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
০৩। পরিচালক (ক. ও প্র./মাধ্যমিক/প. ও উ./ প্রশিক্ষণ/মনি. এন্ড ইভা./ অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। পরিচালক (আঞ্চলিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা।
০৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
০৬। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।
০৭। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, কাকরাইল, ঢাকা।
০৮। অধ্যক্ষ, সরকারি আলিয়া মাদ্রাসা, ঢাকা/সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/কাদেরিয়া তৈয়বিয়া আলিয়া মাদ্রাসা, ঢাকা
০৯। উপ-পরিচালক (সা.প্র./মাধ্যমিক/বিশেষ/কলেজ-১,২/প. ও উ./প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
১১। মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।
১৩। সহকারী পরিচালক, (সা.প্র./বিশেষ/মা-১,২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১৪। জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন, ঢাকা।
১৫। সেক্রেটারি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ঢাকা।
১৬। বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ রাজশাহী/ ময়মনসিংহ/ রংপুর/ খুলনা/কুমিল্লা অঞ্চল।
১৭। প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। জেলা শিক্ষা অফিসার, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা।
২০। সিভিল সার্জন, ঢাকা।
... উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী /কুমিল্লা/ যশোর/ চট্টগ্রাম /সিলেট/ বরিশাল/

২৩। সম্পাদক, ঢাকা মহানগরী স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
২৪। প্রতিনিধি, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা।
২৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ...........................................................................।
২৬। ---------------------------------------------------------------------------------------।

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/১৬৬৭ (১২৫)

তারিখ: ০৮/০৮/২০২৩ খ্রি.

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

০১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। সংরক্ষণ নথি।

০৮/০৮/২৩

(ড. মুহম্মদ মনিরুল হক)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ও
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
ফোন: ০২-৪১০৫০৪৪৮।
ই- মেইল: ddphysical@gmail.com

স্মারক নং-জেশিঅ/ময়মন/২০২৩/ ৮৯০

বিষয়টি অতীব জরুরী।

তারিখ : ১৪/০৮/২০২৩ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ।( বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি 'সাধারণ' পরিষদের ৫০তম গ্রীষ্মকালীন খেলাধুলার সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো)। **বিষয়টি অতীব জরুরী।**
২। অফিস নথি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার--------------------- উপজেলা, জেলা-ময়মনসিংহ।
৬। প্রতিষ্ঠান প্রধান (সকল)---------------------উপজেলা, জেলা-ময়মনসিংহ।
৭। সংরক্ষণ নথি।

১৪/০৮/২০২৩

(মোহছিনা খাতুন)
জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।
ফোন:- ০২৯৯৬৬৬২৩০